# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩৬০

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৫৬. দাওয়াতের স্থানে খারাপ কিছু দেখলে মেহমান সেখান থেকে ফিরে আসবে

بَاب إِذَا رَأَى الضَّيْفُ مُنْكَرًا رَجَعَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللَّهِ الْجَزَرِيُّ، حَدَّثَنَا عَفَّانُ بْنُ مُسْلِمٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، حَدَّثَنَا سَعِيدُ بْنُ جُمْهَانَ، حَدَّثَنَا سَفِينَةُ أَبُو عَبْدِ الرَّحْمَنِ، أَنَّ رَجُلاً، أَضَافَ عَلِيَّ بْنَ أَبِي طَالِبٍ فَصَنَعَ لَهُ طَعَامًا فَقَالَتْ فَاطِمَةُ لَوْ دَعَوْنَا النَّبِيَّ - صلى الله عليه وسلم - فَأَكَلَ مَعَنَا . فَدَعَوْهُ فَجَاءَ فَوَضَعَ يَدَهُ عَلَى عِضَادَتَىِ الْبَابِ فَرَأَى قِرَامًا فِي نَاحِيَةِ الْبَيْتِ فَرَجَعَ فَقَالَتْ فَاطِمَةُ لِعَلِيٍّ الْحَقْ فَقُلْ لَهُ مَا رَجَعَكَ يَا رَسُولَ اللَّهِ قَالَ " إِنَّهُ لَيْسَ لِي أَنْ أَدْخُلَ بَيْتًا مُزَوَّقًا " .

বাংলা

২/৩৩৬০। সাফীনা আবূ আবদুর রহমান (রাঃ) থেকে বর্ণিত। এক ব্যক্তি ’আলী ইবনে আবূ তালিব (রাঃ) এর মেহমান হলো। তিনি তার জন্য আহার তৈরি করলেন। ফাতিমা (রাঃ) বলেন, আমরা যদি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কেও দাওয়াত করতাম তবে তিনিও আমাদের সাথে আহার করতেন। অতএব তারা তাঁকেও দাওয়াত করলেন এবং তিনি আসলেন। তিনি ঘরের দরজার চৌকাঠে হাত রেখে ঘরের এক কোণে পাতলা নকশাযুক্ত কাপড় দেখতে পেয়ে ফিরে গেলেন। ফাতিমা (রাঃ) আলী (রাঃ)-কে বলেন, আপনি তাঁর সাথে সাক্ষাৎ করুন এবং তাঁকে জিজ্ঞেস করুন, হে আল্লাহর রাসূল! কোন্ জিনিস আপনাকে ফিরিয়ে দিলো? তিনি বলেনঃ এ রকম সুসজ্জিত ঘরে প্রবেশ করা আমার জন্য শোভা পায় না।

## English

Safinah, Abu ‘Abdur-Rahman, narrated that a man visited ‘Ali bin Abu Talib and he made some food for him.* Fatimah said:
“Why don’t we invite the Prophet (ﷺ) to eat with us?” So they invited him and he came. He put his hand on the doorpost of the house and saw a thin curtain in the corner of the house, so he went back. Fatimah said to ‘Ali: “Go

and catch up with him, and ask him: ‘What made you go back, O Messenger of Allah?” He said: “I do not enter a well-decorated house.”

## ফুটনোট

আবূ দাউদ ৩৭৫৫, আহমাদ ২১৪১৫, ২১৪১৯, ২১৪২৬, আহমাদ ২১৪১৫, ২১৪১৯, ২১৪২৬, মিশকাত ৩২৬০।

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী সাঈদ বিন জুমহান সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীলযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে এককভাবে হাদিস বর্ণনা করেছেন। যাকারিয়্যা বিন ইয়াহইয়া আস-সাজী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ২২৪৬, ১০/৩৭৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44324

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন